

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/১১০২(ক-৩)/২০০৬(অংশ-২)/৫৭১৪/১০

তারিখ : ১২/১২/২০১৯ খ্রি.

বিষয় : তদন্ত কর্মকর্তা নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার তেজগাঁও কলেজ এর জনাব মো: আনোয়ার হোসেন, সহযোগী অধ্যাপক(রসায়ন) পদে কর্মরত শিক্ষক এম.পি.ও তে নাম পুন: অন্তর্ভুক্ত করার জন্য আবেদন করেন। তার আবেদনে জানান যে, তিনি তেজগাঁও কলেজের পূর্ণকালীন শিক্ষক। গভর্নিং বডি'র অনুমোদনক্রমে তিনি অক্টোবর/২০০১ তারিখে এম.পি.ও ভুক্ত হন, ইনডেক্স : ৮৩১৫১৯। বিগত ডিসেম্বর/২০০৩ তারিখে রাজনৈতিক ও উদ্দেশ্য প্রনোদিতভাবে এম.পি.ও তালিকা থেকে নাম বাদ দেয়া হয়। বর্তমানে তেজগাঁও কলেজে রসায়ন বিষয়ে ০১ জন শিক্ষক এমপিওভুক্ত আছে। গভর্নিং বডি'র সিদ্ধান্তক্রমে তিনি বর্তমানে সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত আছেন। গত ০৬/১০/২০১৮ খ্রি. তারিখের গভর্নিং বডি'র সভার ১৫(ক) অনুচ্ছেদ মোতাবেক এম.পি.ও তে পুন: অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন। গভর্নিং বডি'র সিদ্ধান্তক্রমে জনাব মো: আনোয়ার হোসেন, প্রভাষক(রসায়ন) কে এম.পি.ও তে পুন: অন্তর্ভুক্ত করার জন্য আবেদন করেন। আবেদনটি বিবেচনার জন্য মাননীয় মন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক মহোদয় সুপারিশ করেন।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে জনাব মো: আনোয়ার হোসেন, প্রভাষক(রসায়ন) এর পুন: এমপিওভুক্তির আবেদনটি নিষ্পত্তির জন্য তার নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি যাচাই, কেন তাকে এম.পি.ও থেকে বাদ দেয়া হয়েছে এবং দীর্ঘ বিরতির কারণে এম.পি.ও তে পুন: অন্তর্ভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য উপপরিচালক(কলেজ-সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

ACW/12-12-19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

উপপরিচালক(কলেজ-সেসিপ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ঢাকা অঞ্চল, ঢাকা।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, তেজগাঁও কলেজ, ঢাকা ;
- (২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (৩) অধ্যক্ষ, তেজগাঁও কলেজ, ঢাকা(তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
- (৪) জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
- (৫) সংরক্ষণ নথি।